



Group B Strep
Support



Royal College of
Obstetricians &
Gynaecologists

Bengali/বাংলা

গর্ভাবস্থায় এবং নবজাতক শিশুদের মধ্যে গ্রুপ বি স্ট্রেপ্টোকক্কাস (জিবিএস)



গ্রুপ বি স্ট্রেপ্টোকক্কাস (জিবিএস)

গর্ভাবস্থায় সংক্রমণ

এই তথ্য আপনার জন্য যদি আপনি (বা কোনও বন্ধু বা আত্মীয়) সন্তান সম্ভবা হয়ে থাকেন, গর্ভবতী হওয়ার পরিকল্পনা করেন বা সম্প্রতি সন্তান জন্ম দিয়ে থাকেন। এটি আপনাকে জন্ম পরবর্তী (আর্লি-অনসেট জিবিএস হিসাবে পরিচিত) প্রথম সপ্তাহে শিশুদের মধ্যে গ্রুপ বি স্ট্রেপ্টোকক্কাস (জিবিএস) সংক্রমণের বিষয়ে জানায় এবং লেট-অনসেট জিবিএস সংক্রমণ সম্পর্কে আরও তথ্যের লিংক সরবরাহ করে। নবজাতক শিশুদের মধ্যে জিবিএস সংক্রমণ প্রতিরোধ করার জন্য যুক্তরাজ্যের বর্তমান প্রস্তাবনাগুলো এতে অন্তর্ভুক্ত রয়েছে।

এই তথ্যে ব্যবহৃত সব চিকিৎসা সম্পর্কিত শব্দগুলো শব্দকোষ আরসিওজি ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে:

www.rcog.org.uk/en/patients/medical-terms

আরসিওজি এবং জিবিএসএস নবজাত শিশুদের মধ্যে গ্রুপ বি স্ট্রেপ-এর সংক্রমণ প্রতিরোধ করার উন্নয়নে একসাথে কাজ করতে পেরে গর্বিত। উভয় সংস্থা একমত যে, যখন এই প্রস্তাবনাগুলো পুরো যুক্তরাজ্য জুড়ে পুরোপুরি প্রয়োগ করা হবে, তখন নবজাতক শিশুদের মধ্যে এডানোযোগ্য গ্রুপ বি স্ট্রেপ সংক্রমণের হার কমে যাবে।



গুরুত্বপূর্ণ দিকসমূহ

- গ্রুপ বি স্ট্রিপ্টোকক্কাস (জিবিএস) এমন অনেকগুলো ব্যাকটেরিয়ার মধ্যের একটি যা স্বাভাবিকভাবে আমাদের দেহে থাকে এবং সাধারণত কোনও ক্ষতি করে না
- যুক্তরাজ্যে সকল গর্ভবতী মহিলাদেরকে জিবিএস স্ক্রিনিং রুটিনমাফিক করানোর জন্য বলা হয় না
- আপনি যদি জিবিএস বহন করেন, সেক্ষেত্রে বেশিরভাগ সময় আপনার শিশু নিরাপদেই জন্মগ্রহণ করবে এবং কোনও সংক্রমণ হবে না। তবে, এটি খুবই বিরল সেক্ষেত্রে গুরুতর সংক্রমণের কারণ হতে পারে যেমন সেপসিস, নিউমোনিয়া বা মেনিনজাইটিস
- বেশিরভাগ আল্টি-অনসেট জিবিএস সংক্রমণগুলো প্রতিরোধযোগ্য
- আপনার বর্তমান গর্ভাবস্থায় যদি জিবিএস আপনার মূত্র, যোনি বা মলদ্বারে (অন্ত্র) পাওয়া গিয়ে থাকে, বা যদি পূর্বে আপনার কোনও শিশু জিবিএস সংক্রমণে আক্রান্ত হয়ে থাকে, সেক্ষেত্রে আপনার শিশুর এই সংক্রমণের ক্ষুদ্র ঝুঁকিকে কমাতে আপনাকে প্রসবকালীন সময়ে অ্যান্টিবায়োটিক দেওয়ার কথা।
- আপনার শিশুর জিবিএস সংক্রমণের কারণে অসুস্থ হওয়ার ঝুঁকি বেড়ে যায় যদি আপনার শিশু জন্মের আগেই জন্মগ্রহণ করে, প্রসবকালীন সময়ে আপনার জ্বর থাকে, বা আপনার প্রসব বেদনা শুরু হওয়ার আগে আপনার পানি ভেঙে যায়
- যদি আপনার নবজাতক শিশুর মধ্যে জিবিএস সংক্রমণের উপসর্গগুলোর বিকাশ হয়, সেক্ষেত্রে তাদের চিকিৎসা সরাসরি অ্যান্টিবায়োটিক দিয়ে করাতে হবে

জিবিএস কী?

জিবিএস একটি সাধারণ ব্যাকটেরিয়া (বাগ) যা যুক্তরাজ্যের প্রতি 10 জন মহিলার 2 - 4 জনের (20 - 40%) যোনিতে এবং মলদ্বারে মধ্যে বাহিত হয়। জিবিএস কোনও যৌনরোগ নয় এবং জিবিএস বহন করছেন এমন বেশিরভাগ মহিলার মধ্যে কোনও উপসর্গ থাকে না। জিবিএস বহন করা আপনার জন্য ক্ষতিকর নয়, তবে এটি জন্মদানের সময় আপনার শিশুকে আক্রান্ত করতে পারে। জিবিএস কদাচিৎ নবজাতক শিশুদের মধ্যে এবং খুবই কদাচিৎ গর্ভাবস্থায় এবং প্রসব বেদনার আগে গুরুতর সংক্রমণের কারণ হতে পারে।

জিবিএস কিভাবে পাওয়া যায়?

আপনার যোনি বা মলদ্বারের সোয়াবের বা মূত্র পরীক্ষা করানোর মাধ্যমে কখনও কখনও গর্ভাবস্থায় জিবিএস পাওয়া যায়।

যুক্তরাজ্যে, এনএইচএস নিয়মিতভাবে সকল গর্ভবতী মহিলাদের জিবিএস-এর জন্য স্ক্রিনিং করানোর জন্য বলে না। উপলব্ধ পরীক্ষাগুলো সম্পর্কে আরও তথ্যের জন্য, গ্রুপ বি স্ট্রেপ সাপোর্ট (জিবিএসএস) ওয়েবসাইট দেখুন: www.gbss.org.uk/TestingforGBS.

আমার শিশুর জন্য জিবিএস বলতে কী বোঝাতে পারে?

অনেক শিশু প্রসবকালীন বা জন্মের সময় জিবিএসের সংস্পর্শে আসে। এই শিশুদের বিশাল অংশ অসুস্থ হয়ে পড়বে না। তবে, আপনি যদি জিবিএস বহন করেন, সেক্ষেত্রে একটু সামান্য সম্ভাবনা রয়েছে যে আপনার শিশুটির জিবিএস সংক্রমণ হবে এবং সে মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়বে, বা এমন কী সে মারাও যেতে পারে।

যুক্তরাজ্য এবং আয়ারল্যান্ডে প্রতি 1750 জন নবজাত শিশুর মধ্যে প্রায় 1 জনের আর্লি-অনসেট জিবিএস সংক্রমণ ধরা পড়ে। নবজাতক শিশুদের মধ্যে জিবিএস-এর যে সংক্রমণ সবচেয়ে বেশি ঘটে তা হল সেপসিস (রক্তের সংক্রমণ), নিউমোনিয়া (ফুসফুসের সংক্রমণ) এবং মেনিনজাইটিস (মস্তিষ্কের চারদিকে তরল এবং আস্তরণের সংক্রমণ)।

যদিও জিবিএস সংক্রমণ আপনার শিশুকে খুব অসুস্থ করতে পারে, তথাপি তাৎক্ষণিক চিকিৎসার মাধ্যমে বেশিরভাগ শিশু পুরোপুরি সুস্থ হয়ে উঠবে। তবে, যেসব শিশুদের আর্লি-অনসেট জিবিএস সংক্রমণ হয় তাদের মধ্যে, প্রতি 19 জনের মধ্যে 1 জন (5.2%) মারা যাবে এবং, যারা বেঁচে উঠবে তাদের প্রতি 14 জনের মধ্যে 1 জনের (7.4%) দীর্ঘমেয়াদী ডিজেবিলিটি থাকবে।

যুক্তরাজ্যে গড়ে, প্রতি মাসে

- 43 জন শিশুর আর্লি-অনসেট জিবিএস সংক্রমণ হয়
- 38 জন শিশু পুরোপুরি সেরে উঠে
- 3 জন শিশু দীর্ঘমেয়াদী শারীরিক বা মানসিক ডিজেবিলিটি নিয়ে বেঁচে থাকে
- 2 জন শিশু তাদের আর্লি-অনসেট জিবিএস সংক্রমণের কারণে মারা যায়

কী আমার শিশুকে জিবিএস সংক্রমণে আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকিতে ফেলে?

সংক্রমণ হওয়ার সম্ভাবনা বেশি থাকে যদি:

- আপনার শিশু নির্ধারিত সময়ের আগেই জন্মগ্রহণ করে (গর্ভাবস্থার 37 সপ্তাহ সম্পন্ন করার পূর্বে) - আপনার শিশু যত আগে জন্মগ্রহণ করবে, ঝুঁকি ততটাই বেশি হবে
- পূর্বে জিবিএস সংক্রমণে আক্রান্ত হয়েছিল আপনার এমন কোনও শিশু হয়ে থাকলে
- প্রসবের সময়ে আপনার মধ্যে তীব্র জ্বর বা সংক্রমণের অন্যান্য উপসর্গ থাকলে
- এই গর্ভাবস্থায় জিবিএস-এর জন্য আপনার কোনও মূত্র বা সোয়াব পরীক্ষা ইতিবাচক হলে
- আপনার শিশুর জন্মের 24 ঘণ্টা আগে আপনার পানি ভেঙে গেলে

কিভাবে আমার শিশুর ঝুঁকি কমানো যায়?

- জিবিএস-এর কারণে হওয়া মূত্র সংক্রমণের চিকিৎসা সরাসরি অ্যান্টিবায়োটিক ট্যাবলেট দিয়ে করতে হবে এবং প্রসব বেদনার সময়ে আপনাকে ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিক দিতে হবে।
- প্রসব বেদনার সময়ে আপনাকে ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিক দিতে হবে যদি কোন এনএইচএস বা অন্যান্য অনুমোদিত পরীক্ষাগার থেকে জিবিএস-এর জন্য আপনার মূত্র বা সোয়াব পরীক্ষা ইতিবাচক হয় (আরও তথ্যের জন্য জিবিএসএস ওয়েবসাইট দেখুন: www.gbss.org.uk/TestingforGBS).
- পূর্বে জিবিএস সংক্রমণে আক্রান্ত হয়েছিল আপনার এমন কোনও শিশু হয়ে থাকলে, প্রসব বেদনার সময়ে আপনাকে ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিক দেওয়ার কথা।
- যদি আপনার গর্ভাবস্থার 37 সপ্তাহ পরে আপনার পানি ভাঙে এবং আপনি জিবিএস বহন করছেন বলে জানা যায়, সেক্ষেত্রে আপনাকে সরাসরি প্রসব বেদনা শুরু করানোর জন্য বলা হবে। এটি আপনার সন্তানের জন্মের আগে জিবিএস-এর সংস্পর্শে আসার সময়কে কমানোর জন্য। আপনাকে ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিকও দেওয়ার কথা।
- এমনকি যদি আপনি জিবিএস বহন করছেন বলে জানা না যায়, কিন্তু প্রসব বেদনার সময়ে আপনার মধ্যে সংক্রমণের কোনও লক্ষণের বিকাশ হয়, সেক্ষেত্রে আপনাকে ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিক দেওয়ার জন্য বলা হবে যা জিবিএস সহ বিস্তৃত পরিসরের সংক্রমণের চিকিৎসা করবে।
- যদি আপনার গর্ভাবস্থার 37 সপ্তাহের আগে প্রসব বেদনা শুরু হয়, সেক্ষেত্রে আপনার হেলথকেয়ার পেশাদার সুপারিশ করবে যে আপনি জিবিএস বহন করছেন না বলে জানা গেলেও আপনি ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিক নেবেন।

আমি কোথায় আমার শিশুর জন্ম দিতে পারি সেই ব্যাপারে আমার জন্য কী কী বিকল্প রয়েছে?

গর্ভাবস্থায় আপনার হেলথকেয়ার পেশাদারের সাথে আপনার পরিকল্পিত জন্মদানের স্থান নিয়ে আলোচনা করতে হবে এটি নিশ্চিত করার জন্য যে আপনি যেন প্রসব বেদনার সময়ে প্রয়োজন অনুযায়ী অ্যান্টিবায়োটিক গ্রহণ করতে পারেন। আপনি যদি অ্যান্টিবায়োটিক নেওয়া বেছে নিতে চান, সেক্ষেত্রে এগুলো ড্রিপের মাধ্যমে দেওয়া হবে এবং বাড়িতে বা কোন কোন মিডওয়াইফারি নেতৃত্বাধীন ইউনিটে সর্বদা এটির ব্যবস্থা করা সম্ভব নাও হতে পারে।

আপনার প্রসব বেদনা শুরু হওয়ার বা পানি ভেঙে যাওয়ার সাথে সাথে, আপনার হেলথকেয়ার পেশাদারের সাথে যোগাযোগ করুন কেননা এটি গুরুত্বপূর্ণ যে আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব অ্যান্টিবায়োটিক নিতে হবে। আপনার যদি আগে এমন কোনও শিশু হয়ে থাকে যার জিবিএস সংক্রমণ ছিল বা আপনার এই গর্ভাবস্থায় জিবিএস পরীক্ষার ফলাফল ইতিবাচক হয় সেক্ষেত্রে সব সময় আপনি আপনার হেলথকেয়ার পেশাদারদের জানাবেন।

যদি জিবিএস পাওয়া যায়, সেক্ষেত্রে আমাকে কখন অ্যান্টিবায়োটিক নিতে হবে?

যদি আপনাকে যোনি বা মলদ্বারে জিবিএস বহন করতে দেখা যায়, সেক্ষেত্রে আপনার প্রসব বেদনা শুরু হওয়ার আগে অ্যান্টিবায়োটিক দিয়ে আপনার চিকিৎসা করা আপনার শিশুর জিবিএস সংক্রমণের সম্ভাবনাকে কমিয়ে দেয় না। যদি আপনার শিশুর সংক্রমণের সম্ভাবনা কমাতে ড্রিপের মাধ্যমে আপনাকে অ্যান্টিবায়োটিক দেওয়ার জন্য বলা হয়, সেক্ষেত্রে প্রসব বেদনা শুরু না হওয়া পর্যন্ত আপনার অ্যান্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করার প্রয়োজন হবে না। এই অ্যান্টিবায়োটিকগুলো আপনার শিশুর জীবনের প্রথম সপ্তাহে জিবিএস সংক্রমণের ঝুঁকিকে 400 জনের মধ্যে 1 জন থেকে 4000 জনের মধ্যে 1 জনে কমিয়ে দেয়।

যদি আপনার মূত্রে জিবিএস পাওয়া যায় সেক্ষেত্রে আপনার মূত্রনালির সংক্রমণ নির্ণয় হওয়ার সাথে সাথে আপনার অ্যান্টিবায়োটিকের প্রয়োজন হবে; আপনার শিশুর জিবিএস সংক্রমণ রোধ করতে প্রসবকালীন সময় ড্রিপের মাধ্যমে আপনাকে অ্যান্টিবায়োটিক দেওয়া হবে।

অন্যান্য আরও পরিস্থিতি রয়েছে যেখানে আপনাকে অ্যান্টিবায়োটিক দেওয়া হবে কিন্তু এগুলো সুনির্দিষ্টভাবে জিবিএস সংক্রমণের সাথে সম্পর্কিত নয়:

যদি নির্ধারিত সময়ের আগেই আপনার পানি ভেঙে যায় (37 সপ্তাহের আগে) কিন্তু আপনার প্রসব বেদনা শুরু না হয়, সেক্ষেত্রে আপনাকে একটি অ্যান্টিবায়োটিকের কোর্স দেওয়া হতে পারে। *প্রিটার্ম লেবার অ্যান্ড বার্থ* সম্পর্কিত ন্যাশনাল ইন্সটিটিউট অফ হেলথ অ্যান্ড কেয়ার এক্সিলেন্স (এনআইসিই) নির্দেশিকা NG25 দেখুন:

www.nice.org.uk/guidance/ng25/ifp/chapter/lf-your-waters-break-early.

- আপনার যদি পরিকল্পিত সিজারিয়ান সেকশন করা হয় এবং আপনি জিবিএস বহন করেন, সেক্ষেত্রে আপনার শিশুর জিবিএস সংক্রমণ রোধ করতে আপনার অ্যান্টিবায়োটিকের প্রয়োজন নেই যদি না প্রসব বেদনা শুরু হয়ে যায় বা আপনার পানি ভাঙে। বিস্তৃত পরিসরের সংক্রমণের ঝুঁকি কমাতে অপারেশনের সময় সিজারিয়ান সেকশন করাচ্ছেন এমন সকল মহিলাকে অ্যান্টিবায়োটিক দেওয়া হবে।

আমার পূর্বের গর্ভাবস্থায় জিবিএস হয়ে থাকলে, প্রসব বেদনার সময়ে আমাকে কী অ্যান্টিবায়োটিক দেওয়া হবে?

- যদি পূর্ববর্তী কোনও শিশু জিবিএস সংক্রমণে আক্রান্ত হয়ে থাকে সেক্ষেত্রে আপনাকে পরবর্তী সকল গর্ভাবস্থায় প্রসবকালীন সময়ে অ্যান্টিবায়োটিক দেওয়ার কথা, কারণ একটি বর্ধিত ঝুঁকি রয়েছে যে কোন একটি ভবিষ্যত শিশুও আক্রান্ত হতে পারে।
- তবে, যদি এমন হয় যে আগের গর্ভাবস্থায় জিবিএস পাওয়া গিয়েছিল এবং আপনার শিশু আক্রান্ত হয়নি, সেক্ষেত্রে 2 জনের মধ্যে 1 জনের (50%) মধ্যে হওয়ার সম্ভাবনা রয়েছে যে আপনি এই গর্ভাবস্থায় আবারও এটি বহন করবেন। আপনি প্রসব বেদনার সময়ে অ্যান্টিবায়োটিক নিতে চান কিনা তা বেছে নিতে আপনাকে সহায়তা করতে, যখন আপনি 35-37 সপ্তাহের গর্ভবতী হবেন তখন আপনি একটি সুনির্দিষ্ট সোয়াব পরীক্ষা করতে পারেন (যা দ্য এনরিচড কালচার মিডিয়াম বা ইসিএম পরীক্ষা হিসাবে পরিচিত) আপনি জিবিএস বহন করছেন কিনা তা দেখতে। যদি ফলাফল দেখায় যে:
 - আপনি গর্ভাবস্থার এই পর্যায়ে এখনও জিবিএস বহন করছেন সেক্ষেত্রে আপনার শিশুর আর্লি-অনসেট জিবিএস সংক্রমণের ঝুঁকি বেড়ে 400 এর মধ্যে 1 জনের হয়ে যায় এবং আপনাকে প্রসবকালীন সময়ে অ্যান্টিবায়োটিক দেওয়ার জন্য বলা হবে।
 - আপনি গর্ভাবস্থার এই পর্যায়ে এখনও জিবিএস বহন না করলে, সেক্ষেত্রে আপনার শিশুর আর্লি-অনসেট জিবিএস সংক্রমণের ঝুঁকি অনেক কমে যায় (5000 এর মধ্যে 1) এবং আপনি অ্যান্টিবায়োটিক না নেওয়া বেছে নিতে পারবেন।

আমার প্রসবকালীন চিকিৎসায় কী কী অন্তর্ভুক্ত থাকবে?

আপনার শিশুর মধ্যে জিবিএস সংক্রমণ রোধ করতে যদি আপনাকে অ্যান্টিবায়োটিক দেওয়ার কথা বলা হয়, সেক্ষেত্রে এগুলো আপনার প্রসব বেদনা শুরু হওয়ার বা পানি ভাঙ্গার পরে যত তাড়াতাড়ি সম্ভব শুরু করতে হবে। এগুলো একটি ড্রিপের মাধ্যমে দেওয়া হবে এবং আপনার শিশুর জন্ম না হওয়া পর্যন্ত নিয়মিত বিরতিতে দেওয়া (সাধারণত 4 ঘণ্টা) অব্যাহত থাকবে।

আপনার এখনও প্রসবকালীন সময় অবাধে ঘোরাঘুরি করতে সক্ষম হওয়ার কথা এবং এটির আপনাকে ওয়াটার বাথ দেওয়া থেকে বিরত রাখার কথা নয়।

যদি প্রসব বেদনার আগে আপনার পানি ভেঙে যায়, সেক্ষেত্রে আপনার হেলথকেয়ার পেশাদার আপনার কখন অ্যান্টিবায়োটিকের প্রয়োজন হবে এবং আপনার সন্তান জন্ম দেওয়ার সবচেয়ে ভালো সময় সেই সম্পর্কে আপনার সাথে কথা বলবেন। এটি আপনার স্বতন্ত্র পরিস্থিতি এবং আপনি কত সপ্তাহের গর্ভবতী সেটির উপর নির্ভর করবে।

আপনার শিশুর মধ্যে জিবিএস সংক্রমণ রোধ করার জন্য আপনাকে যে অ্যান্টিবায়োটিক দেওয়া হবে তা সাধারণত পেনিসিলিন হয়ে থাকে। আপনার যদি পেনিসিলিনে অ্যালার্জি থেকে থাকে সেক্ষেত্রে আপনাকে উপযুক্ত বিকল্পের জন্য বলা হবে।

প্রসবকালীন সময়ে দেওয়া অ্যান্টিবায়োটিকগুলো কি কোনও ক্ষতি করতে পারে?

কিছু কিছু মহিলার মধ্যে অস্থায়ী পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে যেমন অসুস্থ বোধ করা বা ডায়রিয়ায় আক্রান্ত হওয়া। মহিলাদের সুনির্দিষ্ট কিছু অ্যান্টিবায়োটিক থেকে অ্যালার্জি হতে পারে এবং বিরল ক্ষেত্রে প্রতিক্রিয়া তীব্র এবং প্রাণঘাতীও (অ্যানাফিল্যাক্সিস) হতে পারে। আপনার যদি পেনিসিলিন বা অন্য কোনও ওষুধে অ্যালার্জি হয় বলে জানা থাকে তবে আপনার হেলথকেয়ার পেশাদারকে বলুন।

আপনার হেলথ কেয়ার পেশাদার আপনার সাথে আপনার শিশুর আর্লি-অনসেট জিবিএস সংক্রমণ রোধ করতে প্রসবকালীন সময়ে অ্যান্টিবায়োটিক নেওয়ার সুবিধা এবং ঝুঁকি নিয়ে আলোচনা করবেন।

যদি আপনি প্রসবকালীন সময়ে অ্যান্টিবায়োটিক না নেওয়ার সিদ্ধান্ত নেন তবে আপনার শিশুকে জন্মের পরে 12 ঘণ্টা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হবে কারণ তারা আর্লি-অনসেট জিবিএস সংক্রমণের বর্ধিত ঝুঁকিতে রয়েছে।

আমার শিশু জন্ম নেওয়ার পরে কিভাবে পর্যবেক্ষণ করা হবে?

যদি আপনার শিশু মেয়াদ পূর্ণ হওয়ার পরে জন্ম নেয় (37 সপ্তাহ পূর্ণ করার পরে) এবং আপনি জন্ম দেওয়ার কমপক্ষে 4 ঘণ্টা আগে প্রসবকালীন সময়ে ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিক নিয়ে থাকেন সেক্ষেত্রে আপনার শিশু জন্ম নেওয়ার পরে বিশেষ পর্যবেক্ষণ করার দরকার নেই।

যদি আপনার শিশু জিবিএস সংক্রমণের বেশি ঝুঁকিতে বলে মনে হয় এবং আপনি জন্ম দেওয়ার কমপক্ষে 4 ঘণ্টা আগে ড্রিপের মাধ্যমে অ্যান্টিবায়োটিক না পেয়ে থাকেন সেক্ষেত্রে আপনার শিশুকে কমপক্ষে 12 ঘণ্টা ধরে সংক্রমণের লক্ষণগুলোর জন্য নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হবে। এর মধ্যে আপনার শিশুর সাধারণ সুস্থতা, হার্টের হার, তাপমাত্রা, শ্বাস নেয়া এবং খাওয়ানোর মূল্যায়ন করা অন্তর্ভুক্ত থাকবে।

আপনার যদি আগে কোনও শিশু হয়ে থাকে যে জিবিএস সংক্রমণে আক্রান্ত হয়েছিল সেক্ষেত্রে আপনার শিশুকে 12 ঘণ্টা ধরে পর্যবেক্ষণ করা হবে এমন কী প্রসবকালীন সময়ে ড্রিপের মাধ্যমে আপনাকে অ্যান্টিবায়োটিক দেওয়া হয়ে থাকলেও।

আপনার শিশুর 12 ঘণ্টা পরে জিবিএস সংক্রমণ হওয়ার সম্ভাবনা খুব কম এবং যদি না আপনি বা আপনার শিশু অসুস্থ না হয়ে পড়েন সেক্ষেত্রে আপনার বা আপনার শিশুর এই সময়ের পরে আর অ্যান্টিবায়োটিকের প্রয়োজন হবে না।

আমার শিশুর মধ্যে জিবিএস সংক্রমণের কী কী লক্ষণগুলো থাকবে?

বেশিরভাগ শিশু যাদের জিবিএস সংক্রমণ হয় তারা জীবনের প্রথম সপ্তাহে অসুস্থ হয়ে পড়ে (যা আর্লি-অনসেট জিবিএস সংক্রমণ হিসাবে পরিচিত), সাধারণত জন্মের 12-24 ঘণ্টার মধ্যে। যদিও কম সাধারণ, লেট-অনসেট জিবিএস সংক্রমণে আপনার শিশু তিন মাস বয়সী না হওয়া পর্যন্ত আক্রান্ত হতে পারে। প্রসবকালীন সময়ে অ্যান্টিবায়োটিক নেওয়া লেট-অনসেট জিবিএস কে প্রতিরোধ করে না। লেট-অনসেট জিবিএস সংক্রমণের উপর আরও তথ্য এখানে পাওয়া যায়: www.gbss.org.uk/infection.

যেসব শিশুদের মধ্যে আর্লি-অনসেট জিবিএস সংক্রমণ হয়ে থাকে তাদের মধ্যে নিম্নলিখিত লক্ষণগুলো দেখা যেতে পারে:

- ঘোঁত ঘোঁত করা, সশব্দ শ্বাস নেওয়া, গোঙানো, আপনি তাদের বুক বা পেটের দিকে তাকালে মনে হবে যে শ্বাস নিতে কঠোর পরিশ্রম করছে বা একেবারেই শ্বাস নিচ্ছে না
- খুব নিদ্রালু এবং/অথবা প্রতিক্রিয়াহীন হওয়া
- কোনোভাবেই থামানো যায় না এমনভাবে কাঁদতে থাকা
- অস্বাভাবিক রকম নিস্তেজ
- ভালোভাবে না খাওয়া বা দুধ খাওয়ার পরে পেটে রাখতে না পারা
- উচ্চ বা নিম্ন তাপমাত্রা থাকা এবং/অথবা তাদের স্বক খুব গরম বা ঠাণ্ডা অনুভূত হওয়া
- তাদের স্বকের রঙে পরিবর্তন হওয়া (দাগযুক্ত স্বক সহ)
- অস্বাভাবিক দ্রুত বা ধীর গতির হার্ট রেট বা শ্বাস প্রশ্বাসের হার থাকা
- নিম্ন রক্তচাপ থাকা *
- রক্তে শর্করার পরিমাণ কম থাকা *

হাসপাতালে করা পরীক্ষাগুলোর দ্বারা সনাক্ত হওয়া

যদি আপনি এই লক্ষণগুলোর কোনও একটিও লক্ষ্য করেন বা আপনার শিশুকে নিয়ে উদ্বেগ হন, সেক্ষেত্রে আপনি জরুরীভিত্তিতে আপনার হেলথকেয়ার পেশাদারের সাথে যোগাযোগ করবেন এবং জিবিএস উল্লেখ করবেন। আপনার শিশুর যদি জিবিএস সংক্রমণ হয়, সেক্ষেত্রে তাড়াতাড়ি রোগ নির্ণয় এবং চিকিৎসা করা গুরুত্বপূর্ণ কারণ বিলম্ব খুব মারাত্মক বা এমনকি প্রাণনাশকও হতে পারে।

আমার শিশুর জন্য কী কী পরীক্ষা এবং চিকিৎসা উপলব্ধ রয়েছে?

যদি মনে করা হয় যে আপনার নবজাতক শিশুর সংক্রমণ রয়েছে, সেক্ষেত্রে জিবিএস এর কারণ কিনা তা দেখার জন্য পরীক্ষা করা হবে। এতে আপনার শিশুর রক্তের নমুনা নেওয়া বা আপনার শিশুর মেরুদণ্ডের (মেরুদণ্ডে ফুটো করে) চারপাশের তরলের নমুনা নেওয়া জড়িত থাকতে পারে। পরীক্ষাগুলো করার আগে এটি নিয়ে আপনার সাথে পুরোপুরি আলোচনা করা হবে।

জিবিএস সংক্রমণের লক্ষণযুক্ত শিশুরা বা যেসব শিশুদের সংক্রমণ হওয়ার আশঙ্কা রয়েছে তাদের চিকিৎসা যত তাড়াতাড়ি সম্ভব অ্যান্টিবায়োটিক দিয়ে শুরু করতে হবে। সংক্রমণ হয়েছে এমন সন্দেহযুক্ত শিশুদের দেওয়া হলে অ্যান্টিবায়োটিকগুলো জীবন রক্ষাকারী হতে পারে। চিকিৎসা বন্ধ করে দেওয়া হবে যদি কমপক্ষে 36 ঘণ্টা পরে সংক্রমণের লক্ষণ না থাকে, এবং সব পরীক্ষা নেতিবাচক হয়।

আমি কি তখনও বুকের দুধ খাওয়াতে পারি?

আপনার নতুন বাচ্চাকে বুকের দুধ খাওয়ানো নিরাপদ। বুকের দুধ খাওয়ানোর ফলে জিবিএস সংক্রমণের ঝুঁকি বেড়েছে এমনটি দেখা যায়নি, এবং এটি আপনার এবং আপনার শিশু উভয়ের জন্য অনেক সুবিধা দিয়ে থাকে।

যুক্তরাজ্যে গর্ভাবস্থায় সকল মহিলার কেন জিবিএস-এর জন্য পরীক্ষা করানো হয় না?

ইউকে ন্যাশনাল স্ক্রিনিং কমিটি জিবিএস উপস্থিতির জন্য যোনি এবং মলদ্বারে সোয়াব ব্যবহার করে সকল গর্ভবতী মহিলাদের পরীক্ষা করাকে সুপারিশ করে না। এটি এই কারণে যে:

- অনেক মহিলাই জিবিএস ব্যাকটেরিয়া বহন করেন এবং বেশিরভাগ ক্ষেত্রে তাদের শিশুরা নিরাপদে জন্মগ্রহণ করে এবং সংক্রমণ হয় না।
- গর্ভাবস্থায় শেষের দিকে সকল মহিলার স্ক্রিনিং করা সঠিকভাবে ভবিষ্যদ্বাণী করতে পারে না যে কোন শিশুদের মধ্যে জিবিএস সংক্রমণ হবে।
- কোনও স্ক্রিনিং পরীক্ষা পুরোপুরি সঠিক নয়: নেতিবাচক সোয়াব পরীক্ষা গ্যারান্টি দেয় না যে আপনি জিবিএস বহন করেন না।
- জিবিএস সংক্রমণের ফলে মারাত্মকভাবে আক্রান্ত শিশুদের মধ্যে অনেকেই মেয়াদ পূর্ণ হওয়ার আগেই জন্ম নেয়, স্ক্রিনিংয়ের জন্য প্রস্তাবিত সময়ের আগে (35-37 সপ্তাহ)
- জিবিএস বহনকারী সকল মহিলাকে অ্যান্টিবায়োটিক দেওয়ার অর্থ হল বিশাল সংখ্যক মহিলা চিকিৎসা নেবেন যা তাদের প্রয়োজন নেই।

আরও তথ্য

গ্রুপ বি স্ট্রেপ সাপোর্ট (জিবিএসএস): www.gbss.org.uk

আরসিওজি গ্রিন-টপ গাইডলাইন নম্বর 36, প্রিভেনশন অব আর্লি-অনসেট নিউন্যাটাল গ্রুপ বি স্ট্রেপটোকোকাল ডিজিজ: www.rcog.org.uk/en/guidelines-research-services/guidelines/gtg36/

এনআইসিই ক্লিনিকাল গাইডলাইন সিজি190, ইন্ট্রাপার্টাম কেয়ার ফর হেলদি উইমেন অ্যান্ড বেবিস: www.nice.org.uk/guidance/cg190

এনআইসিই ক্লিনিকাল গাইডলাইন সিজি149, নিউন্যাটাল ইনফেকশন (আর্লি অনসেট): অ্যান্টিবায়োটিকস ফর প্রিভেনশন অ্যান্ড ট্রিটমেন্ট: www.nice.org.uk/guidance/CG149

ইউকে ন্যাশনাল স্ক্রিনিং কমিটি, গর্ভাবস্থায় জিবিএসের স্ক্রিনিংয়ের বিষয়ে সুপারিশ: <https://legacyscreening.phe.org.uk/groupbstreptococcus>

প্রয়োজনীয় সংস্থাগুলির একটি সম্পূর্ণ তালিকা (উপরোক্ত সহ) আরসিওজি ওয়েবসাইটে এখানে উপলব্ধ: www.rcog.org.uk/en/patients/other-sources-of-help

বেছে নেওয়া

শেয়ারড ডিসিশন মেকার

যদি আপনাকে কোনোটি বেছে নিতে বলা হয়, সেক্ষেত্রে আপনার অনেক প্রশ্ন থাকতে পারে যা আপনি জিজ্ঞেস করতে চাইতে পারেন। আপনি নিজের বিকল্পগুলো নিয়ে আপনার পরিবার বা বন্ধুদের সাথে কথা বলতে চাইতে পারেন। আপনি যে প্রশ্নগুলোর উত্তর পেতে চান সেগুলোর একটি তালিকা লিখে রাখা সহায়তা করতে পারে এবং এটি আপনার অ্যাপয়েন্টমেন্টে নিয়ে যান।



3 টি প্রশ্ন জিজ্ঞেস করুন

যদি আপনাকে আপনার হেলথকেয়ার সম্পর্কে কোনও সিদ্ধান্ত নিতে বলা হয়, সেক্ষেত্রে আপনি তিনটি মূল প্রশ্নের উত্তর পেয়েছেন তা নিশ্চিত করার চেষ্টা করার মাধ্যমে শুরু করুন।

1. আমার বিকল্পগুলো কী কী?
2. আমার জন্য প্রতিটি বিকল্পের ক্ষেত্রে কী কী সুবিধা এবং অসুবিধা রয়েছে?
3. আমার জন্য সঠিক সিদ্ধান্ত নিতে আমাকে সহায়তা করার জন্য আমি কিভাবে সহায়তা পেতে পারি?

* Shepherd H.L. et al উপর ভিত্তি করে 3 টি প্রশ্ন জিজ্ঞেস করুন। চিকিৎসকরা চিকিৎসার বিকল্পগুলো সম্পর্কে যে তথ্য দেন তার মান উন্নত করতে রোগীরা যে তিনটি প্রশ্ন জিজ্ঞেস করতে পারেন: একটি কেস-ওভার ট্রায়াল। Patient Education and Counseling, 2011;84: 379-85



Group B Strep
Support



Royal College of
Obstetricians &
Gynaecologists

গ্রুপ বি স্ট্রেপ সাপোর্ট হল যুক্তরাজ্যের দাতব্য সংস্থা যা শিশুদের মধ্যে গ্রুপ বি স্ট্রেপ (জিবিএস) সংক্রমণ বন্ধ করতে কাজ করে। আমরা:

- জনগণের মধ্যে গ্রুপ বি স্ট্রেপ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করি এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে সহায়তা দেই
- শিশুদের মধ্যে কিভাবে জিবিএস সংক্রমণ রোধ, সনাক্তকরণ এবং চিকিৎসা করা যায় সে সম্পর্কে হেলথ পেশাদারদের তথ্য প্রদান করি
- যুক্তরাজ্যে প্রতিরোধের কৌশলগুলোর উন্নয়নের জন্য প্রচারণা করি
- শিশুদের মধ্যে জিবিএস সংক্রমণ রোধে গবেষণা করতে সহায়তা করি

একটি শ্রদ্ধেয় চিকিৎসা পরামর্শ প্যানেল এর সহায়তায়, জিবিএসএস সন্তান প্রত্যাশী মা-বাবা এবং এমন নতুন মা-বাবাদের যারা গ্রুপ বি স্ট্রেপ দ্বারা আক্রান্ত/প্রভাবিত এবং যুক্তরাজ্য জুড়ে এনএইচএস হেলথ পেশাদারদেরকে বিনামূল্যে তথ্য উপকরণ সরবরাহ করে থাকে।

www.gbss.org.uk

নিবন্ধিত চ্যারিটি: 1112065

আরসিওজি ক্লিনিক্যাল প্র্যাকটিসের মান নির্ধারণ করে, চিকিৎসকদের প্রশিক্ষণ এবং আজীবন শিক্ষা প্রদান করে, এবং বিশ্বব্যাপী মহিলাদের হেলথ কেয়ার-এর জন্য পরামর্শ দিয়ে, সর্বত্র মহিলাদের জন্য হেলথ কেয়ার-এর উন্নয়ন করা নিয়ে কাজ করে। আমরা:

- মহিলাদের জন্য ক্লিনিক্যাল গাইডলাইন এবং তথ্যের উন্নয়ন করি
- চিকিৎসকদের জন্য শিক্ষা, প্রশিক্ষণ এবং আজীবন শেখার জন্য সহায়তা দেই যারা মহিলাদের স্বাস্থ্যের উপর বিশেষজ্ঞ হচ্ছেন
- মহিলাদের হেলথ কেয়ারের উন্নয়ন করতে গবেষণা, নিরীক্ষণ এবং গুণগত মান উন্নয়নের প্রকল্পগুলো সম্পাদন করি
- উইমেন'স হেলথ কেয়ার/মহিলাদের স্বাস্থ্যসেবা মধ্যস্থ নীতির উন্নয়নে সহায়তা করতে অংশীদারদের সাথে কাজ করি

www.rcog.org.uk

নিবন্ধিত চ্যারিটি: 213280

উৎস এবং স্বীকৃতি

গ্রুপ বি স্ট্রেপ সাপোর্ট (জিবিএসএস) এর সহযোগিতায় আরসিওজি পেশেন্ট ইনফরমেশন কমিটি এই তথ্য তৈরি করেছে। এটি সেপ্টেম্বর 2017 সালে প্রকাশিত আরসিওজি গ্রিন-টপ গাইডলাইন নম্বর 36, No. 36, প্রিভেনশন অব আল্ট্রি-অনসেট নিউন্যাটাল গ্রুপ বি স্ট্রেপ্টোকোকাল ডিজিজ-এর উপর ভিত্তি করে তৈরি হয়েছে। গাইডলাইনে ব্যবহৃত প্রমাণের উৎসগুলোর একটি সম্পূর্ণ তালিকা রয়েছে। আপনি অনলাইনে যেখান থেকে আরও জানতে পারবেন:

www.rcog.org.uk/en/guidelines-research-services/guidelines/gtg36.

এই তথ্য প্রকাশনার আগে রেক্সহাম এবং লন্ডনের ক্লিনিকগুলোতে অংশ গ্রহণকারী মহিলাগণ, আরসিওজি উইমেন'স নেটওয়ার্ক এবং আরসিওজি উইমেন'স ভয়েসেস ইনভলভমেন্ট প্যানেল, এবং গ্রুপ বি স্ট্রেপ সমর্থন এবং তাদের নেটওয়ার্কগুলোর দ্বারা পর্যালোচনা করা হয়েছে।

এই লিফলেট সম্পর্কিত আরও তথ্য এবং অতিরিক্ত কপির্স জন্য আমাদের সাথে জিবিএসএস-এ যোগাযোগ করুন।

0330 120 0796

info@gbss.org.uk

গ্রুপ বি স্ট্রেপ সাপোর্ট কর্তৃক যুক্তরাজ্যে মুদ্রিত এবং বিতরণকৃত। সব বিষয়বস্তু স্বাধীনভাবে জিবিএসএস এবং আরসিওজি দ্বারা তৈরি করা হয়েছে।

ডিসেম্বর 2017 এ প্রকাশিত (পরবর্তী পর্যালোচনার তারিখ: 2020)